



পিসির ঝুটঝামেলা

ট্রাবলশুটার টিম



সমস্যা : আমার পিসিতে মজিলা ফায়ারফক্স চালু করতে গেলে মাঝে মাঝে তা চালু হয়, আবার কিছু সময় চালু না হয়ে মেসেজ আসে I don't hate

Mozilla but use IE or else। মেসেজ বন্ধে গুকে দিলে মজিলা ফায়ারফক্স আর চালু হয় না। ইউটিউব সাইটে ঢুকতে গেলেও সমস্যা করে। ইউটিউব সাইটে ঢোকার সময় Youtube is banned you fool এই মেসেজ আসে। আমি মজিলা আনইনস্টল করে আবার নতুন করে ইনস্টল করেছি, কিন্তু কোনো কাজ হয়নি। সমস্যার সমাধান দিলে উপকৃত হব।

—রাহি



সমাধান : আপনার পিসিতে মনে হয় কোনো অ্যান্টিভাইরাস সফটওয়্যার ব্যবহার করেন না বা ফ্রি অ্যান্টিভাইরাস ব্যবহার করেন। এ সমস্যা W32.USB নামের ওয়ার্ম বা ভাইরাসের কারণে হয়ে থাকে। অনেক ক্ষেত্রে সাধারণ মানের অ্যান্টিভাইরাস দিয়ে স্ক্যান করে এ ওয়ার্ম শনাক্ত করা যায় না। তাই ভালোমানের অ্যান্টিভাইরাস ব্যবহার করলে এ থেকে দূরে থাকা সম্ভব। যেহেতু আপনার পিসি এতে আক্রান্ত হয়ে গেছে, তাই এখন আর স্ক্যান করে কাজ হবে না। ম্যানুয়ালি এটি ঠিক করতে হবে। এটি ঠিক করার জন্য প্রথমে টাস্ক ম্যানেজার খুলে (Ctrl+Alt+Del চেপে) Processes ট্যাবে যান। এবার Image name

কলাম থেকে svchost.exe (যা ইউজারে চালু আছে, system, local বা অন্যকিছুতে নয়) নির্বাচন করে End Process বাটনে ক্লিক করে বন্ধ করুন। এবার মাই কমপিউটারের অ্যাড্রেসবারে C:\heap41a লিখে এন্টার করলে heap41a ফোল্ডার খুলবে। এবার এই ফোল্ডারের সব ফাইল (svchost.exe, script1.txt, standard.txt, reproduce.txt এবং একটি অডিও ফাইল) মুছে ফেলুন। ফোল্ডারসহ মুছে ফেললে ভালো হয়। এরপর রানে গিয়ে regedit লিখে এন্টার করলে রেজিস্ট্রি এডিটর খুলবে। এখন Edit মেনু থেকে Find-এ ক্লিক করে heap41a লিখে সার্চ করুন। এর heap41a নামে পাওয়া তথ্যগুলো মুছে ফেলুন। এবার কমপিউটার আবার চালু করলে ফায়ারফক্স বা ইউটিউব খুলতে সমস্যা হবে না। তবে এ ওয়ার্ম থেকে মুক্তি পেতে আপনার ইউএসবি ড্রাইভ থেকে autorun এবং Microsoft Power Point.exe ফাইলটি মুছে ফেলুন। পিসিতে যে অ্যান্টিভাইরাস ব্যবহার করবেন তা নিয়মিত আপডেট করবেন।



সমস্যা : আমার পিসিতে উইন্ডোজের স্টার্ট মেনু থেকে সার্চ অপশনটি কাজ করছে না। এ সমস্যার সমাধান করব কীভাবে? পিসিতে অনেক সফটওয়্যার ইনস্টল করা আছে। অপারেটিং সিস্টেম না বদলে এটি ঠিক করার ব্যাপারে পরামর্শ দিলে খুশি হব।

—মামুন, উত্তরা



সমাধান : আপনি কোন অপারেটিং সিস্টেম ব্যবহার করছেন তা উল্লেখ করেননি। সমস্যা লেখার সময় পিসির হার্ডওয়্যার ও সফটওয়্যার সম্পর্কে ধারণা দিলে তার সমাধান

দেয়া আমাদের জন্য সহজ হয়। যাই হোক, আপনার পিসির এ সমস্যাটি সমাধান করার জন্য রেজিস্ট্রি এডিট করতে হবে। এজন্য রানে গিয়ে REG add HKCU\Software\Microsoft\Windows\CurrentVersion\Policies\Explorer\NoFind/REG_DWORD/d 0/f লিখে এন্টার করুন। এবার কমপিউটার রিস্টার্ট করলে সার্চ অপশন ফিরে আসবে।

এতে কাজ না হলে রানে গিয়ে services.msc লিখে এন্টার করে সার্ভিসেস থেকে Indexing Service নির্বাচন করে Stop করুন। এছাড়া রানে গিয়ে regsvr32 urlmon.dll লিখে এন্টার করুন। এভাবে regsvr32 jscript.dll এবং regsvr32 wshom.ocx লিখে এন্টার করুন। ভালোমানের অ্যান্টিভাইরাস বা ইন্টারনেট সিকিউরিটি ব্যবহার করুন এবং তা নিয়মিত হালনাগাদ করে রাখলে এ ধরনের সমস্যায় পড়বেন না।

ফিডব্যাক : jhutjhamela24@gmail.com